গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী নম্বর- ১৮৮

**গণভোটের প্রচারে রাজশাহী অঞ্চলে আসছেন স্বাস্থ্য ও পরিবার কল্যাণ উপদেষ্টা**

রাজশাহী: ২ মাঘ (১৬ জানুয়ারি):

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ উপদেষ্টা মিজ্ নূরজাহান বেগম আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ও গণভোট ২০২৬ এর প্রচার উপলক্ষে আগামী ১৮ ও ১৯ জানুয়ারি রাজশাহী, নাটোর, পাবনা ও সিরাজগঞ্জ জেলা সফর করবেন।

১৮ জানুয়ারি বেলা ১১টায় উপদেষ্টা রাজশাহীর জেলা পর্যায়ের কর্মকর্তাদের সাথে রাজশাহী সার্কিট হাউজে গণভোট ২০২৬ বিষয়ে মতবিনিময় করবেন। বেলা ১২টায় ভোটারদের সচেতন ও উদ্বুদ্ধকরণের 'ভোটের গাড়ি' কার্যক্রম পরিদর্শন করবেন। ওইদিন বেলা ৩টায় তিনি নাটোর সার্কিট হাউজে নাটোরের জেলা পর্যায়ের কর্মকর্তাদের সাথে মতবিনিময় এবং বেলা ৪টায় ভোটারদের সচেতন ও উদ্বুদ্ধকরণের 'ভোটের গাড়ি' কার্যক্রম পরিদর্শন করবেন।

পরের দিন (১৯ জানুয়ারি) সকাল সাড়ে ৯টায় পাবনা সার্কিট হাউজে গণভোট বিষয়ে পাবনার জেলা পর্যায়ের কর্মকর্তাদের সাথে মতবিনিময় এবং বেলা ১১টায় 'ভোটের গাড়ি' কার্যক্রম পরিদর্শন করবেন। এরপর বেলা ৩টায় সিরাজগঞ্জ সার্কিট হাউজে সিরাজগঞ্জের জেলা পর্যায়ের কোর কর্মকর্তাদের সাথে মতবিনিময় এবং বেলা ৪টায় 'ভোটের গাড়ি' কার্যক্রম পরিদর্শন শেষে ঢাকার উদ্দেশ্যে সিরাজগঞ্জ ত্যাগ করবেন।

......................................................................
আলীম/তৌহিদ/২০২৬/১৫:০০ ঘ.

টেলিফোন : সংবাদকক্ষ : ঢাকা - ৯৫১২২৪৬, ৯৫১৪৯৮৮; চট্টগ্রাম - ০৩১-২৫২১৩৬১; খুলনা - ০৪১-৭২০৭৪৯; রাজশাহী -০২৫৮৮৮৫১৩৩৯
ফ্যাক্স : ঢাকা-৯৫৪০৯৪২, ৯৫৪০০২৬, ৯৫৪০৫৫৩; চট্টগ্রাম - ৭১০১০২; খুলনা - ৭২০৮৫৩; রাজশাহী - ৭৭২৩৩৯
ই-মেইল : piddhaka@gmail.com, piddhaka@yahoo.com; ওয়েবসাইট : www.pressinform.gov.bd